



JUN. 29 2002

### ৩ জুলাই এসএসসি ও দাখিলের ফল প্রকাশ অংকে গ্রেস দেয়া হচ্ছে

স্টাফ রিপোর্টার : আগামী ৩ জুলাই দেশের ৭টি শিক্ষা বোর্ডের এসএসসি এবং মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষার ফল একযোগে প্রকাশিত হবে। এদিকে ঢাকা বোর্ডের অংক পরীক্ষায় দু'ধরনের কমন্স গ্রেস প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে। শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন জানিয়েছেন, অংকে যারা ৫০-বা তার কম পেয়েছে তাদের এক ধরনের গ্রেস দেয়া হবে এবং যারা ৫০ নম্বরের বেশী পেয়েছে তাদের আরেক ধরনের গ্রেস দেয়া হবে- যা প্রথমোক্তদের চেয়ে তুলনামূলকভাবে কিছু কম।